

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ৪৬

আরবি মূল আয়াত:

إِلَىٰ فِرْعَوْنَ وَ مَلَائِهِ فَاسْتَكْبَرُوا وَ كَانُوا قَوْمًا عَالِينَ ﴿٤٦﴾

অনুবাদসমূহ:

ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে; কিন্তু তারা অহংকার করল এবং তারা ছিল উদ্ধত কওম। — আল-বায়ান
ফেরাউন ও তার প্রধানগণের কাছে। কিন্তু তারা অহংকার করল, তারা ছিল এক উদ্ধত জাতি। — তাইসিরুল
ফির'আউন ও তার পরিষদবর্গের নিকট; কিন্তু তারা অহংকার করল; তারা ছিল উদ্ধত সম্প্রদায়। — মুজিবুর রহমান
To Pharaoh and his establishment, but they were arrogant and were a
haughty people. — Sahih International

৪৬. ফিরআউন ও তার পরিষদবর্গের কাছে। কিন্তু তারা অহংকার করল; আর তারা ছিল উদ্ধত সম্প্রদায়।(১)

(১) মূলে (قَوْمًا عَالِينَ) শব্দগুলো ব্যবহার করা হয়েছে। এর অর্থ, তারা ছিল বড়ই আত্মমুগ্ধ, জালেম ও কঠোর। তারা নিজেদেরকে অনেক বড় মনে করতো এবং উদ্ধত আশ্ফালন করতো। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৪৬) ফিরআউন ও তার পারিষদবর্গের নিকট; কিন্তু তারা অহংকার করল। তারা ছিল উদ্ধত সম্প্রদায়।[1]

[1] অহংকার ও নিজকে বড় মনে করার মূল কারণও ঐ পরকালে অবিশ্বাস ও পার্থিব বিলাস-সামগ্রির অতিশয় ছিল। যার বর্ণনা পূর্ববর্তী জাতির ঘটনায় উল্লেখ হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2719>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন